গত বছর হায়দারপোরায় মিথ্যা এনকাউন্টারে নিহত এক কাশ্মীরি মুসলিম যুবক 'আমির মাগরাইয়ের' মৃতদেহ হস্তান্তরের আবেদন খারিজ করে দিলো জম্মু ও কাশ্মীরের সুপ্রিম কোর্ট। নিহত আমির মাগরাইয়ের পিতা মুহাম্মাদ লতিফ মাগরাই তাঁর ছেলের মৃতদেহ হস্তান্তরের জন্য আবেদন করেছিলেন সুপ্রিম কোর্টে।

এর আগে জম্মু ও কাশ্মীর এবং লাদাখ হাইকোর্ট আমিরের পরিবারকে তাঁর মৃতদেহ কবর দেওয়ার আবেদন গ্রহণ করেছিল। তবে আমিরের পরিবার দাবি করেছিল যেন তাঁর মৃতদেহটি তাদের কাছে হস্তান্তর করা হয়।

কিন্তু জম্মু ও কাশ্মীরের হিন্দুত্ববাদী প্রশাসন জানায়, আমির একজন সন্ত্রাসী (পড়ুন স্বাধীনতাকামী) ছিল এবং তাঁর মৃতদেহটি এখন বের করতে গেলে আইন-শৃঙ্খলা প্রক্রিয়ায় সমস্যা দেখা দেবে। এছাড়াও আদালতের এ বিষয়ে আবেগের ভিত্তিতে সিদ্ধান্ত না নিয়ে বরং আইনের ভিত্তিতে সিদ্ধান্ত নেওয়া উচিত।

২৩ বছর বয়সী আমির গত বছরের ১৫ নভেম্বর শ্রীনগরের হায়দারপোরায় দখলদার বাহিনীর গুলিতে নিহত হন।

হিন্দুত্ববাদী পুলিশ আমিরকে একজন ‘সন্ত্রাসী’ হিসেবে দাবি করলেও আমিরের পরিবার জানায় যে, এসবের সাথে আমিরের কোনো যোগসূত্র ছিল না। বরং আমিরকে এনকাউন্টারে খুন করাটা ছিল দখলদার বাহিনীর একটি সাজানো নাটক।

আমিরের বাবা বলেন, 'আমি শুধু ন্যায়বিচার চাই। আমি শুধু আমার ছেলের মৃতদেহ চাই। এরপরে আর যাইহোক না কেন আমি তার পরোয়া করি না"।

তথ্যসূত্রঃ

------------------------

1. Kashmir extrajudicial killing: SC dismisses father's plea for handing over son's body - https://tinyurl.com/yckjnbt7

---

## মসজিদের ভেতর পূজার অনুমোদন : বাবরির পথেই কি জ্ঞানবাপি?

জ্ঞানবাপি মসজিদ প্রাঙ্গণে পূজা করার অধিকার চেয়ে হিন্দু মহিলাদের করা আবেদন বহাল রাখার নির্দেশ দিয়েছে হিন্দুত্ববাদী ভারতীয় আদালত। হিন্দু মহিলাদের আবেদন চ্যালেঞ্জ করে দায়ের করা আঞ্জুমান ইসলামিয়া মসজিদ কমিটির আবেদন গত ১২ সেপ্টেম্বর খারিজ করে দিয়েছে উত্তর প্রদেশের বারাণসী আদালত।

ডিস্ট্রিক্ট জজ এ. কে. বিশ্বেশ্বর আদেশে বলেছে, হিন্দু মহিলাদের দায়ের করা আবেদনটি দ্য প্লেস অফ ওয়ার্শিপ অ্যাক্ট বা ওয়াকফ অ্যাক্ট দ্বারা নিষিদ্ধ নয়। তাই এ বিষয়ে আঞ্জুমান ইসলামিয়া কমিটির চ্যালেঞ্জ আদালত খারিজ করে দিয়েছে।

গত মে মাসে, নিম্ন আদালত থেকে স্থানান্তর করে মামলাটি বারাণসী জেলা বিচারকের আদালতে অর্পণ করে সুপ্রিম কোর্ট। তার আগ পর্যন্ত নিম্ন আদালতেই মামলাটির শুনানি হয়েছে। পরে হিন্দু মহিলাদের আবেদনের ভিত্তিতে বারাণসী সিভিল কোর্ট জ্ঞানভাপি মসজিদের চিত্রগ্রহণের নির্দেশ দেয়। হিন্দুদের দাবি, জ্ঞানবাপি মসজিদ কমপ্লেক্সে হিন্দু দেব-দেবীর মূর্তি রয়েছে।

মসজিদের চিত্রগ্রহণের পর অযৌক্তিক ভাবে দাবি করা হয় যে, মসজিদ কমপ্লেক্সের ভেতরে একটি পুকুরে "শিবলিঙ্গ" রয়েছে। এটি মূলত ছিল মুসল্লিদের অজুখানার পানির ফোয়ারা। এ সাধারণ বিষয়টি যাচাই না করেই মামলার শুনানিকারী বিচারক পুকুরটি সিলগালা করার নির্দেশ দেয়।

এখন আবার মসজিদ প্রাঙ্গণে হিন্দু মহিলাদের পূজা করার আবেদন গ্রহণ করেছে, যা কোন ভাবেই গ্রহণযোগ্য নয়। অর্থাৎ একই মসজিদে নামাজের পাশাপাশি পূজাও করতে দিতে হবে। হিন্দুত্ববাদী আদালতের এই অযৌক্তিক আদেশ বাবরির মতই মসজিদ ভেঙ্গে মন্দির বানানোর পথকে সুগম করবে বলে মনে করছেন মুসলিমরা।

এর আগে, ভারতের উত্তর প্রদেশেই মুসলিমদের ঐতিহ্যবাহী বাবরি মসজিদ ভেঙ্গে দিয়েছিল হিন্দুত্ববাদী সন্ত্রাসীরা। পরে হিন্দুত্ববাদী আদালত কারসাজি করে মসজিদের স্থানে রাম মন্দির নির্মাণের অনুমোদন দেয়। মুসলিম বিরোধী এমন জঘন্য রায় পেয়ে হিন্দুত্ববাদী সংগঠনগুলো আরও উঠে পরে লেগেছে মসজিদ ভেঙ্গে মন্দির গড়ার মিশনে।

রাম মন্দির আন্দোলনের সময়েই সঙ্ঘ পরিবার ও হিন্দুত্ববাদীরা হুমকি দিয়েছিল, ‘আয়োধ্যা (অযোধ্যা) তো সির্ফ এক ঝাঁকি হ্যায়, কাশী-মথুরা বাকি হ্যায়’।

ইসলামি চিন্তাবিদগণের মতে, হিন্দুত্ববাদীরা যে পরিকল্পনা নিয়ে বাবরি মসজিদ ভেঙ্গে মন্দির বানাচ্ছে, হুবহু একই পরিকল্পনা নিয়ে জ্ঞানব্যাপীসহ অন্যান্য মসজিদের ক্ষেত্রে অগ্রসর হচ্ছে। মুসলিমরা এখনই সতর্ক না হলে বাবরি মসজিদের মতোই একে একে ঐতিহাসিক মসজিদগুলো বেদখল করে হিন্দুত্ববাদীরা তাদের মুসলিমমুক্ত অখণ্ড ভারত বাস্তবায়নের কাজে এগিয়ে যাবে বলে মনে করেন বিশ্লেষকগণ।

**তথ্যসূত্র:**

--------

1. Gyanvapi: Court says Hindu women’s plea for worship maintainable, rejects Masjid committee’s plea - https://tinyurl.com/3v5fyz97

---

## খেলাফতে বিশ্বাসী হওয়ায় কুয়েট ছাত্রকে হেনস্থা : পিটিয়ে পুলিশে দিল ছাত্রলীগ

এবার সন্ত্রাসী ছাত্রলীগের হাতে প্রায় শহীদ আবারার ফাহাদের পরিণতি হতে চলছিল খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের মেধাবী ছাত্র জাহিদুর রহমান। ইসলামি খেলাফতে বিশ্বাস করা এবং সদ্য হাসিনার ভারত সফর নিয়ে ফেইসবুকে কমেন্ট করায়, রাতভর তাকে পিটিয়ে হাত পা ভেঙে গুরুতর আহত করে দিয়েছে ছাত্রলীগের সন্ত্রাসীরা।

গত ১১ সেপ্টেম্বর সন্ধ্যা ৬টায় বিশ্ববিদ্যালয়ে ক্যাম্পাসের কথিত ছাত্রনেতাদের রুমে ডেকে নিয়ে যাওয়া হয় জাহিদকে। ঠিক যেভাবে আজ থেকে তিন বছর আগে সারারাত নির্মমভাবে পিটিয়ে খুন করা হয়েছিলো শহীদ আবরার ফাহাদকে, ঠিক একই কায়দায় রাত ১১টা পর্যন্ত লাঠি, স্ট্যাম্প দিয়ে নির্মম শারীরিক নির্যাতন করা হয় জাহিদকে। স্ট্যাম্পের নির্মম আঘাতে ভেঙে দেয়া হয়েছে জাহিদের দুটি পা। এক পর্যায়ে সে জ্ঞান হারায়।

সারা রাতজুড়ে অমানবিক নির্যাতন করার পরও থেমে যায়নি ছাত্রলীগের সন্ত্রাসীরা। রক্তাক্ত ও ভাঙা দু'পা আর অজ্ঞান অবস্থায়ই তারা জাহিদের নামে মামলা দিয়ে পুলিশে সোপর্দ করে। শেষ খবর পাওয়া পর্যন্ত জাহিদ পুলিশের হাতে গ্রেফতার অবস্থায় খুলনা মেডিকেলে চিকিৎসাধীন আছে।

https://ia601402.us.archive.org/8/items/img-20220914-104530/IMG_20220914_104530.jpg

ছাত্রলীগের সন্ত্রাসীরা জাহিদুরকে শুধুমাত্র ইসলামের মৌলিক বিষয়ে বিশ্বাসী হওয়ায় এবং ভারত ও দালাল হাসিনার বিরুদ্ধে পোস্ট দেওয়ায় কারণেই রাতভর পিটিয়েছে ছাত্রলীগ। এ কথা প্রমান পাওয়া যায় উক্ত বিশ্ববিদ্যালয়ের ড. এম এ রশিদ হলের প্রভোস্ট এমডি হামিদুল ইসলামের বক্তব্যে। সে বলেছে 'আমাদের কিছু শিক্ষার্থী বেশ কিছুদিন ধরে লক্ষ্য করে জাহিদুর রহমান বিভিন্ন দেশবিরোধী গ্রুপের সঙ্গে জড়িত। সম্প্রতি

প্রধানমন্ত্রী শেখ হাসিনার দিল্লী সফর নিয়ে কিছু মন্তব্য করেছে সে। এটা আমাদের নজরে আসায় ছাত্ররা তাকে প্রথমে একটু জিজ্ঞাসাবাদের পর আমরা তাকে পুলিশে সোপর্দ করি। সে আমাদের কাছে বলেছে সে খেলাফতে বিশ্বাস করে গণতন্ত্রে বিশ্বাস করে না।'

https://ia601404.us.archive.org/32/items/fb-img-1663124418202/FB_IMG_1663124418202.jpg

জাহিদকে নির্যাতনকারী সন্ত্রাসী ছাত্রলীগের ৫ জনের মধ্যে সাদমান নাহিয়ান সেজান কুয়েট ছাত্রলীগের সাধারন সম্পাদক। কুয়েট শিক্ষক সেলিম হোসেন খুনের ঘটনায় সে জড়িত। ছাত্রলীগের সন্ত্রাসীদের খুটির জোর এখানে এতো বেশি যে, শিক্ষক হত্যায় জড়িত থাকায় ভার্সিটি থেকে আজীবন বহিস্কৃত হয়েও সে হলেই থাকে।

অথচ, দালাল পুলিশ এসব সন্ত্রাসীদের গ্রেফতার না করে নির্যাতনের শিকার হওয়া অজ্ঞান ছাত্রকেই কিনা গ্রেফতার করল। এই হচ্ছে মুসলিমদের ট্যাক্সের টাকায় লালিত ভারতপ্রেমিক পুলিশ বাহিনীর অবস্থা।

ছাত্রলীগে সন্ত্রাসীরা হিন্দুত্ববাদী ভারতের দালালি করে এখন এমন অবস্থানে পৌঁছেছে যে, ইসলামী মৌলিক বিষয়ে বিশ্বাস করাও এখন তাদের কাছে মহা অপরাধ। ভারতের বিরুদ্ধে কিছু বলাও অপরাধ। সুদ, ঘুষ ও দূর্নীতির বিরুদ্ধে বলা অপরাধ। তাদের কাছে এখন যেন পুরো দেশের মুসলিমরাই জিম্মি। কসাই মোদী ও দালাল হাসিনার এই ফুট-সোলজারদের ইসলাম-বিদ্বেষ ও জুলুম নিপিড়নের বিরুদ্ধে প্রতিবাদ-প্রতিরোধ গড়ে তোলা এখন সময়ের দাবি বলে মনে করছেন ইসলামি চিন্তাবিদরা।

**তথ্যসূত্র:**

--------

১। ছাত্রলীগের কাছে পিটুনিও খেল, প্রশাসন মামলাও করল শিক্ষার্থীর বিরুদ্ধে - https://tinyurl.com/3packkje

---

## উত্তরপ্রদেশে মাদ্রাসা ভেঙে দিয়েছে হিন্দুত্ববাদী প্রশাসন

উত্তরপ্রদেশের গুজার টোলা গ্রামে একটি দ্বীনি মাদ্রাসা পুলিশের বিশাল বাহিনীর উপস্থিতিতে ভেঙে দিয়েছে হিন্দুত্ববাদী প্রশাসন। এ মাদ্রাসাটি ২০০৯ সাল থেকে চালু ছিল।

উত্তরপ্রদেশের আমেঠি জেলা ম্যাজিস্ট্রেট রাকেশ কুমার মিশ্র বলেছে, “আদালতের নির্দেশের পরে মাদ্রাসাটি ভেঙে দেওয়া হয়েছে।”

মাদ্রাসা ভাঙ্গচুরকে বৈধতা দিতে সে বলেছে এটি নাকি অবৈধভাবে তৈরি করা হয়েছিল। হিন্দুত্ববাদী প্রশাসন শুধু মাদ্রাসাটি ভেঙ্গেই ক্ষান্ত হয়নি, মাদ্রাসার মালিককে ২ লক্ষ ২৪ হাজার রুপি জরিমানাও করেছে।

মাদ্রাসাগুলোতে নজরদারী ও চাপ প্রয়োগের জন্য উত্তরপ্রদেশের হিন্দুত্ববাদী সরকার মাদ্রাসাগুলোর একটি সমীক্ষার নির্দেশ দিয়েছে। এই সমীক্ষার কার্যক্রম এখনও চলছে। মাদ্রাসাগুলোতে শিক্ষকের সংখ্যা, পাঠ্যক্রম, মৌলিক সুযোগ-সুবিধা এবং কোনও বেসরকারী সংস্থার সাথে তাদের সংশ্লিষ্টতার তথ্য আছে কি না যাচাই বাছাই করা হচ্ছে। এসব মাদ্রাসার আর্থিক উৎসকেও খতিয়ে দেখা হচ্ছে। উল্লেখ্য, হিন্দুত্ববাদী ভারত সরকার তাদের অখণ্ড ভারত প্রতিষ্ঠার লক্ষ্যকে সামনে রেখে অনেক আগে থেকেই মসজিদ, মাদ্রাসাগুলো বন্ধের চক্রান্ত করে যাচ্ছে। এখন বিভিন্ন ঠুনকো অযুহাত দেখিয়ে সেগুলো ভেঙ্গে দিচ্ছে। বুলডোজারকে তারা এখন মুসলিমদের বিরুদ্ধে যুদ্ধে নতুন অস্ত্র হিসেবে ব্যবহার করছে।

তথ্যসূত্র:

-----

1.Uttar Pradesh: Illegally built madrasa in Amethi demolished ( The Siasat Daily) -https://tinyurl.com/2ftb9cny

2.Uttar Pradesh: Illegally built madrasa in Amethi demolished -https://tinyurl.com/ywdz6rt6

---

## কেনিয়ান সামরিক ঘাঁটিতে আশ-শাবাবের হামলায় অন্তত ১২ সৈন্য হতাহত

পূর্ব আফ্রিকার দেশ সোমালিয়ায় দখলদার কেনিয়ান বাহিনীর উপর ২টি পৃথক হামলা চালিয়েছেন ইসলামি প্রতিরোধ যোদ্ধারা। যার একটিতেই ৬ ক্রুসেডার সৈন্য নিহত হয়েছে। ধ্বংস হয়েছে সামরিক ঘাঁটি ও সাঁজোয়া যান।

স্থানীয় সূত্র মতে, প্রতিরোধ বাহিনী হারাকাতুশ শাবাব আল-মুজাহিদিন, ১২ সেপ্টেম্বর দুপুরে জুবা রাজ্যের আফামদো শহরের উপকণ্ঠে একটি সফল হামলা চালিয়েছেন। যেখানে ক্রুসেডার কেনিয়ান বাহিনীর একটি সামরিক কনভয় টার্গেট করে বিস্ফোরক ডিভাইস বিস্ফোরণ ঘটান মুজাহিদগণ। এতে একটি হুমভি যান ধ্বংস হয়ে যায়। সেই সাথে ৬ ক্রুসেডার সৈন্য নিহত এবং আরও ৩ সৈন্য গুরুতর আহত হয়।

এর একদিন আগে রাজ্যটির কিসমায়ো শহরের বারুলি এলাকায় আরও একটি সামরিক অভিযান চালান মুজাহিদগণ। হামলাটি উক্ত এলাকায় অবস্থিত কেনিয়ান বাহিনীর একটি সামরিক ঘাঁটি লক্ষ্য করে চালানো হয়েছে। যেখানে মুজাহিদগণ গুলি ছুঁড়ার পাশাপাশি ভারী বোমাবর্ষণও করেন। ফলশ্রুতিতে ঘাঁটিটির অনেকাংশ ধ্বংস হয়ে যায়।

সরকারি সূত্র দাবি করছে যে, এই হামলায় কেনিয়ান বাহিনীর ৩ সৈন্য এবং সোমালি গাদ্দার সামরিক বাহিনীর ১ সৈন্য আহত হয়েছে। যদিও স্থানীয় সূত্র বলছে, সেখানে হতাহতদের পরিবহন করতে ২টি অ্যাম্বুলেন্স দেখা গেছে।

---

আল-ফিরদাউস নিউজ বুলেটিন || সেপ্টেম্বর ২য় সপ্তাহ, ২০২২ঈসায়ী
https://alfirdaws.org/2022/09/14/59210/

---

## ১৩ই সেপ্টেম্বর, ২০২২

### শিক্ষার্থীদের ধর্মহীন করে গড়ে তোলার পরিকল্পনা দালাল সরকারের

শিক্ষা ব্যবস্থায় একের পর এক নগ্ন-হস্তক্ষেপ করছে সেক্যুলার গনতান্ত্রিক শাসকগোষ্ঠী। নিজেদের মনপুত শিক্ষা কারিকুলাম প্রনয়ণ করে এ দেশের কোটি কোটি শিক্ষার্থীর উপর চাপিয়ে দিয়েছে সেক্যুলার শিক্ষা। এর মাধ্যমে শিক্ষার্থীদের মূল্যবোধকে পশ্চিমা বস্তুবাদী দর্শনের আলোকে সাজিয়ে জীবনকে ধ্বংসের দারপ্রান্তে নিয়ে গেছে তারা।

শিক্ষামন্ত্রী দিপু মনি ছায়ানট আয়োজিত এক অনুষ্ঠানে জানিয়েছে, 'আমারা শিক্ষা ব্যবস্থায় পরীক্ষানির্ভরতা কমিয়ে আনবো। শিক্ষার্থীরা ইতিহাস ঐতিহ্য থেকে শিখবে। পুরো শিক্ষা কার্যক্রমে পরিবর্তন আনার চেষ্টা করছি। যেখানে মুখস্ত বিদ্যা থাকবে না। শিক্ষার্থীরা শিক্ষাকে ধারণ করে তা প্রয়োগও করবে। শিক্ষাক্রমের মাধ্যমে তারা দেশকে ভালোবাসবে।'

রোববার (১১ সেপ্টেম্বর) কেরানীগঞ্জের তারানগরে ছায়ানটের সংস্কৃতি সমন্বিত সাধারণ শিক্ষা কার্যক্রম নিয়ে পরিচালিত নালন্দা উচ্চ বিদ্যালয়ের একটি ভবন উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেছে শিক্ষা মন্ত্রী।

উল্লেখ যে, ছায়ানট একটি কুখ্যাত  উগ্র সেক্যুলার সংগঠন। তাদের মিশন হচ্ছে এ দেশে ভারতীয় হিন্দুত্ববাদী সংস্কৃতি চালু করে ইসলামী আদর্শের বিরোধিতা করা। সারা দেশেই তারা বাঙালি সংস্কৃতির নামে হিন্দুত্ববাদী সংস্কৃতি চালুর পাশাপাশি নালন্দা বিদ্যালয়ে একাডেমি পর্যায়ে হিন্দুত্ববাদী সংস্কৃতি চালু করে রেখেছে।

আর এই হিন্দুত্ববাদী সংস্কৃতির প্রশংসা করে উক্ত অনুষ্ঠানে বক্তব্য দিয়েছে আরও এক দালাল আওয়ামী লীগের নেতা এডভোকেট কামরুল ইসলাম। সে বলেছে, 'সরকার চেষ্টা করছে এমন শিক্ষা কার্যক্রম প্রণয়ন করতে, যেখানে শিশুরা গড় উঠবে অসাম্প্রদায়িক চেতনাকে ধারণ করে। দেশ এগিয়ে যাচ্ছে। এ ধারা অব্যাহত রাখতে সাংস্কৃতিক বিকাশ ঘটাতে হবে।'

এডভোকেট কামরুল ইসলাম ও দিপু মনির স্পষ্ট বক্তব্য হলো, এ দেশ থেকে ধর্মীয় শিক্ষা উঠিয়ে শিক্ষার্থীদের সেক্যুলার হিসেবে গড়ে তোলাই তাদের লক্ষ্য। এজন্য ছায়ানটের আদলে গতানুগতিক শিক্ষার গণ্ডি থেকে বাইরে এসে সংস্কৃতিমনা তথা হিন্দুত্ববাদী শিক্ষা ব্যবস্থা চালু করায় নালন্দা বিদ্যালয়ের ভূয়সী প্রশংসা করেছে তারা। আর ছাত্র তাদের চাপিয়ে দেওয়া 'হিন্দুয়ানী ঐতিহ্য' থেকে সিখবে বলে মন্তব্য করেছে তারা।

বলাই বাহুল্য, ৯০ ভাগ মুসলিম জনসংখ্যা অধ্যুষিত এই দেশের সংস্কৃতি ভুলিয়ে দিয়ে তারা আমদানি করা হিন্দুয়ানী সংস্কৃতিকেই তারা বাঙালি সংস্কৃতি বলে চাপিয়ে দিচ্ছে সবার উপরে। আর সেই সংস্কৃতি ও ঐতিহ্য থেকেই ছাত্ররা নাকি শিখবে। আবার কিছুদিন আগেই তারা 'ইসলাম ও নৈতিক শিক্ষা' বিষয়ের পরীক্ষা উঠিয়ে দিয়েছে, যাতে ছাত্ররা পরীক্ষা পাশের জন্যেও ইসলামি শিক্ষা গ্রহণ না করে।

জ্ঞান অর্জন মানব জীবনের একটি গুরুত্বপূর্ণ বিষয়। সুশিক্ষা বয়ে আনে উন্নত চরিত্র, সভ্য ও কল্যাণময় সমাজ ব্যাবস্থা। পক্ষান্তরে কুশিক্ষা সমাজে বয়ে আনে অন্ধকার ও বর্বর পশুভিত্তিক সমাজ ব্যাবস্থা।

ভারতের দালাল শাসকগোষ্ঠী চাইছে এ দেশ থেকে শিক্ষার্থীরা যেন ইসলামী শিক্ষা-সংস্কৃতি ভুলে গিয়ে ভারতীয় হিন্দুত্ববাদী সংস্কৃতির সাথে একাকার হয়ে যায়। এজন্য মুসলিমদের উচিত নিজ সন্তানদের ইসলামী শিক্ষায় গড়ে তোলা। এবং পাশাপাশি দালালদের চাপিয়ে দেওয়া সিস্টেমকে উতখাত করে নববী চেতনা ও আদর্শ সমাজে বাস্তবায়নের সর্বাত্মক প্রচেস্তায় ব্রত হওয়া।- এমনটাই মতামত ইসলামী চিন্তাবিদের।

**তথ্যসূত্র:**

--------

১। ‘শিক্ষা কার্যক্রম পরিবর্তনের চেষ্টা করছি, মুখস্ত বিদ্যা থাকবে না’ - https://tinyurl.com/3939u435

---

## ফের মার্কিন গণহত্যা সোমালিয়ায় : নিহত ৩০ বেসামরিক মুসলিম

পূর্ব আফ্রিকার দেশ সোমালিয়ায় ফের বেসামরিক নাগরিকদের লক্ষ্যবস্তু করে গণহত্যা চালাচ্ছে দখলদার মার্কিন যুক্তরাষ্ট্র। চলতি সপ্তাহেও ক্রুসেডার এই দেশটির হামলায় ৩০ জন বেসামরিক নাগরিক হতাহত হয়েছেন বলে জানা গেছে।

বিবরণ অনুযায়ী, ক্রুসেডার মার্কিন যুক্তরাষ্ট্র গত ৯ সেপ্টেম্বর দক্ষিণ সোমালিয়ার শাবেলি রাজ্যে বেসামরিক নাগরিকদের লক্ষ্য করে বিমান হামলা চালিয়েছে। যা রাজ্যটির মোবারক শহরের একটি বাস স্টেশনে চালানো হয়েছে। এই স্টেশনটি বৃহস্পতি ও শুক্রবার খুব ব্যস্ত থাকে। এতে অন্তত ১০ জন বেসামরিক নাগরিক নিহত এবং আরও ২০ জন আহত হয়েছেন।

বর্বরোচিত এই হামলার শিকার আহতদেরকে পরে রাজধানী মোগাদিশুর একটি হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে। এসময় আহতদের স্বজনরা গণমাধ্যমকে জানিয়েছেন যে, আহতদের অনেকের অবস্থাই গুরুতর।

এদিকে হামলার পর ক্রুসেডার মার্কিনীদের গোলাম গাদ্দার সোমালি সরকার খুবই গর্বের সাথে ঘোষণা করে যে, এই আক্রমণের দ্বারা অঞ্চলটির নিরাপত্তার দায়িত্বে থাকা ইসলামি প্রতিরোধ বাহিনী হারাকাতুশ শাবাবকে লক্ষ্যবস্তু করা হয়েছে। কিন্তু কিছুক্ষণ পরে অঞ্চলটি থেকে তোলা ছবিগুলিই গাদ্দার সরকারের এই মিথ্যা দাবিকে খণ্ডন করে। কেননা হামলার শিকার সবাই ছিলেন বেসামরিক নাগরিক। যারা শহরে তাদের প্রয়োজন শেষে একটি বাসে করে নিজ গন্তব্যে ফিরছিলেন।

উল্লেখ্য যে, ক্রুসেডার মার্কিন যুক্তরাষ্ট্র ও তাদের গোলাম সরকার সোমালিয়ায় বেসামরিক মুসলিমদের বিরুদ্ধে বছরের পর বছর ধরে হত্যাযজ্ঞ চালিয়ে যাচ্ছে। যার কোনো সুষ্ঠু তদন্ত হয় নি। এবং মিডিয়াগুলোও এধরণের সংবাদগুলো এড়িয়ে যাচ্ছে। কেমন যেনো নিজ মনিবদের সন্তুষ্ট করতে তারা নিরবতার ভূমিকা পালন করে।

বিপরীতে মুজাহিদরা যখন জনগণের নিরাপত্তা নিশ্চিত করতে, মার্কিন সমর্থিত গাদ্দার বাহিনী এবং স্থানীয় মিলিশিয়াদের পাকড়াও করেন, তখন এই মিডিয়াগুলোরই দাসত্বের চেতনা জাগ্রত হয়ে উঠে। তাঁরা সামরিক বাহিনীর এসব সদস্যদের বেসামরিক নাগরিক হিসাবে মিডিয়ায় উপস্থাপন করতে মরিয়া হয়ে উঠে।

---

## ‘আমার ছেলে কাঁদছে’, বলছেন হিন্দুত্ববাদী পুলিশের গ্রেফতার করা মুসলিম শিশুর মা

ভারতের বিহার রাজ্যের সিওয়ানে উগ্র হিন্দুত্ববাদীদের মুসলিমবিরোধী সহিংসতার সময় গত ৮ই সেপ্টেম্বর ৮ বছর বয়সী রিজওয়ান নামে এক মুসলিম নাবালক ছেলেকে গ্রেফতার করেছে বিহারের হিন্দুত্ববাদী পুলিশ। একইসাথে শিশুটির ৭০ বছর বয়সী অসুস্থ বৃদ্ধ দাদাকেও গ্রেফতার করা হয়েছে। হিন্দুত্ববাদী পুলিশ এখনও তাদের মুক্তি দেয়নি, বরং অর্থ চাচ্ছে বলে জানিয়েছেন শিশুটির মা।

রিজওয়ানের মা গণমাধ্যমকে বলেন, ‘আমার পুত্র তার দাদার সাথে মসজিদে নামাজ আদায় করতে যাচ্ছিল। পথিমধ্যে পুলিশ তাদেরকে তুলে নিয়ে যায়। সহিংসতা শুরু হওয়ার পরের ঘটনা এটি। এ বিষয়ে আমরা কিছু জানতাম না। রাত ১১টার দিকে জানতে পারি যে, তারা দুজনে পুলিশের কাছে আছে।’ ‘পুলিশ আমার সন্তানের সাথে কথা বলার অনুমতিও দেয়নি’ বলছিলেন রিজওয়ানের মা, ‘আদালত থেকে আমাকে আমার সন্তানের পরিচয়ের প্রমাণ নিয়ে আসতে বলার পর আমি আবারও সেখানে যাই। আমার সন্তানের সাথে দেখা করতেই সে কান্না শুরু করে দেয়। আর জিজ্ঞাসা করতে থাকে, কখন সে বাড়ি ফিরতে পারবে।’

তিনি আরও বলেন, ‘১২০০০ রুপি দিলে পুলিশ রিজওয়ানকে মুক্তি দেবে বলেছে। কিন্তু এত টাকা আমি কোথায় পাব? আমরা গরিব, এত টাকা সংগ্রহের সামর্থ্য আমাদের নেই।’

এভাবে পরিবার শিশুটির জন্মনিবন্ধন সনদ উপস্থাপন করলেও হিন্দুত্ববাদী পুলিশ তার মুক্তির জন্য টাকা দাবি করছে।

উল্লেখ্য, গত ৮ই সেপ্টেম্বর বিকালে একদল হিন্দুত্ববাদী সন্ত্রাসী মহাবীর আখড়ার একটি র‍্যালি আসরের নামাজের সময় মসজিদের পাশ দিয়ে যায়। এসময় হিন্দু সন্ত্রাসীরা বিভিন্ন সাম্প্রদায়িক স্লোগান দিতে থাকে এবং দেশীয় অস্ত্রশস্ত্র নিয়ে মসজিদ ও দোকানপাটে ভাঙ্গচুর চালায়। মুসলিমরা এ ঘটনার প্রতিবাদ করলে হিন্দু সন্ত্রাসীদের সাথে সংঘর্ষ শুরু হয়। এরপর এ ঘটনায় হিন্দুত্ববাদী পুলিশ ২৫জন মুসলিম এবং মাত্র ১০জন হিন্দুকে গ্রেফতার করেছে। গ্রেফতার হওয়া মুসলিমদের মাঝে আছে ৮ বছর বয়সী শিশু রিজওয়ান এবং তার ৭০ বছর বয়সী অসুস্থ বৃদ্ধ দাদা।

**তথ্যসূত্র:**

--------

1. Bihar: "My son is crying," says mother as 8-year-old Muslim kid remains in custody, Maktoob;
- https://tinyurl.com/yymbn2zk

---

## ১২ই সেপ্টেম্বর, ২০২২

### জায়নিস্ট আগ্রাসন | ফিলিস্তিনি নারীকে বন্দী করল ইসরাইলি বাহিনী

ইসরাইলের ইহুদি সন্ত্রাসীরা প্রতিনিয়ত মুসলিম নারীদের গ্রেফতার করে শারীরিকভাবে হয়রানি করছে। মুসলিম নারীদের শরীরে হাট দেওয়া এখন ইহুদি সেনাদের কাছে মামুলি ঘটনা হয়ে দাঁড়িয়েছে। যখন যাকে ইচ্ছা তাকেই বন্দী করে টেনেহিঁচড়ে গাড়িতে তুলার দৃশ্য দেখা যাচ্ছে।

গতকাল ১১ সেপ্টেম্বর একজন সম্মানিতা ফিলিস্তিনি যুবতীকে বন্দী করে শারীরিকভাবে লাঞ্ছিত করে নিয়ে যায় ইহুদি সেনারা। অধিকৃত জেরুজালেমে এ ঘটনা ঘটে। কোন কারণ ছাড়াই একটি চেকপোস্ট পার হবার সময় তাঁকে গ্রেফতার করে ইহুদি সন্ত্রাসীরা।

এ সময় মুসলিম যুবতীর দুই হাত পিছন থেকে বেধে এক নাপাক ইহুদি সেনাকে ঠেলতে ঠেলতে নিয়ে যেতে দেখা যায়।

এছাড়াও, গত ৪ সেপ্টেম্বর ফিলিস্তিনি নারী সাংবাদিক লামা ঘোষকে কোন কারণ ছাড়াই বন্দী করে ইহুদি সেনারা। জেরুজালেমের শেখ জাররাহ এলাকায় নিজ বাড়ি থেকে দুই শিশু সন্তানের চোখের সামনে থেকেই তুলে নিয়ে যায় তাঁকে।

গত ১০ সেপ্টেম্বর ফিলিস্তিনি এই নারী সাংবাদিককে আদালতে উঠানো হলে তিনি নিজের হাত উপরে তুলে বিজয় চিহ্ন দেখানোর চেষ্টা করলে এক নাপাক ইহুদি সেনা সম্মানিতা এ মুসলিম নারীর হাত নিচের দিকে চেপে ধরে। যাতে বিজয় চিহ্ন না দেখাতে পারে।

এখন পর্যন্ত অন্তত চার হাজারের বেশি ফিলিস্তিনিকে বন্দী করে রেখেছে ইসরাইল। তাদের মধ্যে অর্ধশতাধিক নারী বন্দীও রয়েছে। ইহুদিরা ফিলিস্তিন দখল করার পর থেকে এখন পর্যন্ত ১৫ হাজার ফিলিস্তিনি নারীকে গ্রেফতার করেছে।

ফিলিস্তিন ও মসজিদুল আকসা দখল করার পর থেকেই মুসলিমদের চরম নির্যাতন শুরু করে ইহুদিরা। আর এই ইহুদিরা ফিলিস্তিনিদের নির্যাতন করে এখন এমন অবস্থানে পৌঁছেছে যে ফিলিস্তিনিদের মধ্যে নারী-পুরুষ বাছবিচার করছেনা। পুরুষদের চোখের সামনেই সম্মানিতা মা-বোনদের তুলে নিয়ে যাচ্ছে ইহুদিরা।

এ অবস্থায় উম্মাহর পুরুষদেরকে জেগে উঠে নাপাক ইহুদি সেনাদের পাওনা বুঝিয়ে দিতে এবং ব্যাপক প্রতিরোধ-সংগ্রাম শুরু করতে আহ্বান জানিয়ে আসছেন হকপন্থী আলেম-উলামারা।

তথ্যসূত্র:

--------

1. ভিডিও লিংক-- https://tinyurl.com/y5ex5n3p

2. Palestine: Israeli court extends detention of Palestinian journalist Lama Ghosheh - https://tinyurl.com/59b3we5x

---

## কলোনিয়াল মিডিয়ার রানী এলিজাবেথ বন্দনা : 'ডি-কলোনাইজেশন ন্যারেটিভ' বনাম বাস্তবতা

"ব্রিটিশদের সাম্রাজ্যে নাকি সূর্য অস্ত যেত না।" কিন্তু সেই সূর্য অস্ত না যাওয়া সাম্রাজ্যের পেছনে যে কী মাত্রার রক্তপিপাসু আগ্রাসী মানসিকতা ছিল, কতো পরিমাণ মানুষকে সেই 'সূর্যাস্ত না যাওয়া' সাম্রাজ্যের পিপাসার বলি হতে হয়েছিল – সেই আলাপের প্রতি এখনও তেমন সুবিচার দেখা যায় না। বরং ব্রিটিশরা জমিনে জমিনে কলোনিয়াল দাস বানানোর যে সিস্টেম বানিয়ে দিয়ে গিয়েছিল, সেই সিস্টেমের গর্ভ থেকে প্রতিনিয়তই কলোনিয়াল দাসদের জন্ম হয়েছে। আর সেই কলোনিয়াল দাসেরা মেইন্সট্রিম মিডিয়াগুলোতে এখনও ব্রিটিশদের লুটতরাজ আর রক্তপিপাসু আগ্রাসনের পক্ষে সাফাই গায়, এখনও ওদের ছিটানো উচ্ছিষ্টের গুণগানে ভরা

ন্যারেটিভ বকে যায়। সাম্প্রতিক সময়ে (৮ সেপ্টেম্বর, ২০২২) ব্রিটিশ রাজ পরিবারের রাণীর মৃত্যুর পর বিষয়গুলো আরেকবার জোরালোভাবে সামনে এলো।

অধিকাংশ ইতিহাসবিদের মতে, ১৯৪৭ সালে ব্রিটিশদের হাত থেকে ভারত-পাকিস্তানের স্বাধীনতার মধ্য দিয়ে ব্রিটিশ সাম্রাজ্যের চূড়ান্ত পতন হয়েছিল। আর কারও কারও মতে সেই পতন সম্পন্ন হয়েছে ১৯৯৭-এ হংকংয়ের স্বাধীনতার মধ্য দিয়ে। কিন্তু সে যাই হোক, আরও বেশ কয়েক যুগ আগে থেকেই ব্রিটিশদের 'রাজ্য' পরিচালনা হয় অন্যসব গণতান্ত্রিক দেশের 'প্রধানমন্ত্রী' আর পার্লামেন্টারি সিস্টেমের আদলে। কিন্তু তবুও কেন ব্রিটিশরা সাদা হাতি পালার ন্যায় ‘রাজ পরিবার’, ‘রাণী’ কিংবা নাইট উপাধি ইত্যাদি পুরোনো প্রথা আঁকড়ে ধরে রেখেছে তা কি কখনও ভেবে দেখেছি আমরা?

একেবারে সহজ ভাষায়, এইসব ওরা ধরে রেখেছে, কেননা এইগুলো ওদের শ্রেষ্ঠত্বের অহমিকা আর সাম্রাজ্যবাদী গোঁয়ার্তুমির প্রতীক। সাম্রাজ্যের পতন হয়েছে, কিন্তু রাজ পরিবার, রাণী ইত্যাদি প্রথাগুলো বাজে খরচ বাড়ালেও অহমিকাবশত ওরা সেগুলো আঁকড়ে থেকেছে।

আমাদের জন্য আফসোস আমরা ব্রিটিশদের বিরুদ্ধে আমাদের পূর্ব পুরুষদের সংগ্রাম আর ত্যাগের ইতিহাস ভুলে গিয়েছি। আমরা ভুলে গিয়েছি, যুগের পর যুগ ধরে ব্রিটিশদের হরিলুটের যতো হিসেব। একটু স্মরণ করিয়ে দেওয়া যাক।

কলাম্বিয়া ইউনিভার্সিটি প্রেস থেকে প্রকাশিত প্রখ্যাত অর্থনীতিবিদ ‘উতসা পাটনায়েকের নতুন গবেষণা প্রায় দুই শতাব্দীর বিশদ তথ্যের ভিত্তিতে দেখিয়েছে যে, ১৭৬৫ থেকে ১৯৩৮ সময়কালে ব্রিটেন শুধু ভারত থেকেই প্রায় ৪৫ ট্রিলিয়ন ডলার চুরি করেছিল। পাঠক এই গবেষণার বিস্তারিত দেখতে পারেন আল-জাজিরার প্রতিবেদনের লিঙ্ক থেকে -

https://tinyurl.com/53p8pn5e

'ব্রিটেন ভারতবর্ষকে সভ্য-ভব্য-উন্নত করেছে'- কলোনিয়াল দাস মিডিয়ার ছড়ানো এই 'মিথ'কে উতসা পাটনায়েকের গবেষণা একেবারে চূর্ণবিচূর্ণ করে দেয়। শুধু তাই নয়। একইসাথে তা প্রমাণ করে যে, উল্টো ভারতবর্ষ সহ গোটা বিশ্বের থেকে সম্পদ চুরি করে করেই ব্রিটেন সম্পদশালী হয়ে উঠেছিল। ৪৫ ট্রিলিয়ন ডলার! এখনকার ব্রিটেনের বাৎসরিক মোট দেশীয় উৎপাদনের ১৭ গুণ।

এই তো গেল সাম্রাজ্যের চুরির আলাপ। ভারতবর্ষে নীল চাষীদের দুঃখ, হিন্দু জমিদারদের শোষণ ইত্যাদি বর্ণনা করতে গেলে তো কষ্টের একেকটা মহাকাব্য বনে যায়।

কিন্তু আজকে আমরা সেদিকে এগোবো না। শুধু কলোনিয়াল মিডিয়ার আরেকটা প্রভাবশালী মিথকে এড্রেস করবো মাত্র। আর তা হলো, ব্রিটিশ সাম্রাজ্যের সময় যা-ই হয়েছে, সেগুলো তো আর সদ্য মৃত্যুবরণ করা দ্বিতীয় এলিজাবেথ করেনি। বরং সে তো ব্রিটিশদের ডি-কলোনাইজেশনেই ছিল। যেন ব্রিটিশদের ডি-কলোনাইজেশন খুব একেবারে স্বেচ্ছায় হয়েছে।

এই ন্যারেটিভে ব্রিটিশ সাম্রাজ্য নামক জালিম দৈত্য যে স্বাধীনতাকামী মানুষদের উপর্যুপরি আন্দোলনে 'বাধ্য হয়ে' নিজের মধ্যে গুটিয়ে গিয়েছে, সেই সত্যকে একদিকে চেপে যাওয়া হয়। একইসাথে ২য় এলিজাবেথকে সতীসাধ্বী বানিয়ে দেওয়া হয়।

**চলুন দেখে নেওয়া যাক, এই বুড়ির শাসনকালে হওয়া কিছু নৃশংস ঘটনার বয়ান -**

### মৌ মৌ বিদ্রোহের দমন (১৯৫২-১৯৬০)

কয়েক দশক ধরে ব্রিটিশ শাসনের যাঁতাকলে পড়ে অর্থনৈতিক প্রান্তিকতা, দখলদারিত্ব এবং সহিংসতার পর ১৯৫২ সালে কেনিয়ার জঙ্গিদের একটি দল, যারা কিনা মাউ মাউ বিদ্রোহী নামে পরিচিত, তাদের দেশে শ্বেতাঙ্গ বসতি স্থাপনকারী এবং তাদের অনুগত স্থানীয়দের বিরুদ্ধে একটি উপনিবেশ-বিরোধী বিদ্রোহ শুরু করে।

সেই অভ্যুত্থান ছিল কয়েক দশক ধরে চলে আসা সাম্রাজ্যবাদী ব্রিটিশ বসতি স্থাপনকারীদের জন্য কেনিয়ার বাসিন্দাদের কাছ থেকে আরও বেশি জমি কেড়ে নেওয়ার প্রতিক্রিয়া, সাদাদের খামারগুলিতে স্থানীয়দের কম মজুরি শ্রমে বাধ্য করার প্রতিক্রিয়া।

তো দ্বিতীয় এলিজাবেথের ক্ষমতা গ্রহণের পর পরই, ১৯৫২-এর অক্টোবরে, ব্রিটিশরা কেনিয়ার সেই বিদ্রোহ দমন করার জন্য এক নৃশংস সামরিক অভিযান শুরু করে। এক লক্ষেরও বেশি কিকুয়ু, নেরু এবং এমবু উপজাতীয় কেনিয়ানকে আটকে জিজ্ঞাসাবাদ, নির্যাতন, মারধর এবং যৌন নির্যাতন করা হয়। কেনিয়ার মানবাধিকার কমিশনের মতে, ১৯৫২-১৯৬০ এ ব্রিটিশরা ৯০,০০০ কেনিয়ানকে হত্যা, পঙ্গু বা নির্যাতন করেছিল এবং ১৬০,০০০ জনকে ক্যাম্পে আটকে রেখেছিল।

### রক্তাক্ত রবিবার (Bloody Sunday)

১৯৭২ সালের ৩০ জানুয়ারি উত্তর আয়ারল্যান্ডের ডেরিতে একটি মিছিল চলাকালীন ব্রিটিশ সামরিক বাহিনী বিক্ষোভকারীদের ভিড়ের উপর গুলি চালায়। এই ঘটনা ইতিহাসে ব্লাডি সানডে নামে পরিচিত। সেদিন ২৬ জন গুলিবিদ্ধ হয়, যাদের মধ্যে ১৪ জন মারা যায়। ব্রিটিশ সৈন্যরা সেদিন ১০৮ রাউন্ড গোলাবারুদ নিক্ষেপ করেছিল।

১৯৭১ সালের আগস্টে ব্রিটিশ সরকার একটি আইন পাশ করেছিল, যার আওতায় সন্দেহভাজন আইরিশদেরকে বিনা বিচারে কারারুদ্ধ করার অনুমতি দেওয়া হয়েছিল। তারই প্রতিক্রিয়ায় উত্তর আয়ারল্যান্ড সিভিল রাইটস অ্যাসোসিয়েশন উক্ত মার্চের আয়োজন করেছিল। আর সেখানেই নির্বিচারে গুলি চালিয়ে ২৬ জনকে আহত করা হয়, যাদের মধ্যে ১৪ জন পরবর্তীতে মারা যায়।

### কেনিয়ায় ব্রিটিশ বাহিনীর হোয়াইট ফসফরাস ব্যবহার

২০২২ সালে রাশিয়া ইউক্রেন যুদ্ধের শুরুর দিকে যখন ইউক্রেনের প্রেসিডেন্ট ভ্লাদিমির জেলেন্সকি রাশিয়ার বিরুদ্ধে নিষিদ্ধ কেমিক্যাল 'হোয়াইট ফসফরাস' ব্যবহারের অভিযোগ তোলে, ঠিক সেসময় কেনিয়ায় ব্রিটিশ বাহিনীর এই নিষিদ্ধ কেমিক্যাল ব্যবহারের স্বীকারোক্তি সামনে আসে। যে কেমিক্যাল নিয়ে ন্যাটো থেকে শুরু

করে পশ্চিমা মিডিয়াতে তোড়জোড় শুরু হয়েছিল, সেই একই কেমিক্যাল ব্রিটিশরা ব্যবহার করার স্বীকারোক্তি এলেও তেমন কোনো রি-অ্যাকশনই দেখা যায় না। এই হলো কলোনিয়াল মিডিয়ার ডাবল স্ট্যান্ডার্ড।

এমন ঘটনা আরও অনেক আছে। আর এগুলোর সবই কিন্তু ফিরিঙ্গিদের সাদা হাতি রাজ পরিবার আর 'নিরীহ' রাণী এলিজাবেথের সময়েই হয়েছে। কিন্তু কলোনিয়াল মিডিয়ার সিলেক্টিভ সাংবাদিকতায় সেসব বরাবরের মতোই সাধারণের চোখ এড়িয়ে গিয়েছে।

এভাবেই আগ্রাসী সাম্রাজ্যগুলো আমাদের ইতিহাসকে ভুলিয়ে রাখে, আর বর্তমানকে করে রাখে চোখের আড়াল। ব্রিটিশ সাম্রাজ্য থেকে আম্রিকান সাম্রাজ্য এভাবেই চলে এসেছে, এখনও চলছে। অল্পই পারছে সত্যকে খুঁজে ফিরে বাস্তবতা উপলব্ধি করতে। আর সেই উপলব্ধিতে সাহায্য করতেই আমরা আপনাদের পাশে রয়েছি ইনশাআল্লাহ।

লিখেছেন : সাদ মুনতাসির

---

## বিহারে আখড়ায় সমাবেশের পর হিন্দুত্ববাদীদের সহিংসতা : মুসলিমদের উদ্বেগ

বিহারের সিওয়ান জেলার মুসলিম অধ্যুষিত এলাকায় পুরানী বাজারে অবস্থিত মুসলিমদের দোকানপাটে আগুন দিয়েছে উগ্র হিন্দুত্ববাদী জনতা। গত ০৮ সেপ্টেম্বর বৃহস্পতিবার মহাবীর আখড়ায় সমাবেশের পর উগ্র হিন্দু জনতা মুসলিম বিদ্বেষী স্লোগান দিয়ে সহিংসতা শুরু করে।

ভিডিওতে দেখা গেছে, শতাধিক সশস্ত্র হিন্দু সন্ত্রাসীরা মুসলিম বিদ্বেষী স্লোগান দিচ্ছে এবং অশ্লীল গান বাজিয়ে মুসলিমদেরকে উসকানি দিচ্ছে। এক পর্যায়ে তারা সহিংসতা শুরু করে। হিন্দুত্ববাদী পুলিশ নীরব দর্শকের ভূমিকা পালন করে। বলা যায় হিন্দুদের গার্ড দিতে থাকে যেন মুসলিমরা কোন বাধা দিতে না পারে।

জনাব রিজওয়ান আহমেদ একজন ব্যবসায়ী। তিনি এখনও বিহারের বারহারিয়ার পুরানী বাজারে অবস্থিত তার পোড়া মুদির দোকানে যেতে পারেন নি। হিন্দুত্ববাদী সন্ত্রাসীরা তার দোকান পুড়িয়ে দিয়েছে। জনাব আহমেদ বলেন, "এটাই ছিল আমাদের আয়ের একমাত্র উৎস।...আমরা সম্প্রতি প্রায় ৫০ থেকে ৫৫ হাজার টাকা ধার নিয়ে দোকানে মালামাল তুলেছি এবং দোকানে নগদ কিছু টাকাও ছিল। আমাদের ব্যাপক ক্ষতি হয়েছে।"

তিনি বলেন, "বৃহস্পতিবার বিকেল ৫ টার দিকে মহাবীর আখড়ায় সমাবেশের পর উগ্র হিন্দু জনতা মুসলিম বিদ্বেষী স্লোগান দিয়ে আমাদের দোকানে হামলা শুরু করে। তারা অনেক বেশি হওয়ায় আমরা কিছু করতে পারেনি। এক পর্যায়ে আগ্রাসী হিন্দু জনতা আমাদের দোকান পুড়িয়ে দিতে শুরু করে।"

হিন্দুত্ববাদী প্রশাসন হিন্দুদের হামলা থেকে আমাদের দোকানগুলোকে রক্ষা করেনি। এমনকি রক্ষা করার চেষ্টাও করেনি। তারাই আবার এলাকায় ১৪৪ ধারা জারি করে রেখেছে। যেন মুসলিমরা কোন প্রতিবাদ করতে না পারে।

জনাব রিজওয়ান আহমেদ আরো বলেন, "আমাদের এলাকায় ১৪৪ ধারা জারির কারণে এখনও আমাদের পোড়া দোকানগুলোতে যেতে দেওয়া হচ্ছে না।" হামলাকারী হিন্দুদের আটক না করে স্থানীয় হিন্দুত্ববাদী পুলিশ উল্টো মুসলমানদেরকে গ্রেপ্তার করছে। আমি আশঙ্কা করছি তারা আমাকেও আটক করবে।

সিওয়ান পুলিশ ৩৫ জনের বিরুদ্ধে প্রথম তথ্য রিপোর্ট দায়ের করেছে, যার মধ্যে ২৫ জনই মুসলমান এবং ১০ জন হিন্দু এবং এই ঘটনার সাথে জড়িত ২০ জনকে গ্রেপ্তার করেছে তারা।

স্থানীয় একটি মসজিদ থেকে সন্ধ্যার নামাজের জন্য জড়ো হওয়া মুসলিম মুসল্লিদের পুলিশ গ্রেপ্তার করেছে, যার মধ্যে একজন আট বছর বয়সী ছেলে এবং তার ৭০ বছর বয়সী বৃদ্ধ দাদাও রয়েছে।

হিন্দুত্ববাদী পুলিশ ৭০বছর বয়সী মোহাম্মদ ইয়াসিন এবং তার আট বছর বয়সী নাতি রিজওয়ান কোরেশিকে গ্রেপ্তার করেছে। তাদের পরিবার জানিয়েছে যে, উভয়ই নির্দোষ। এ ঘটনার সাথে তাদের কোন সম্পৃক্ততা ছিল না। মোহাম্মদ ইয়াসিন সম্প্রতি দুটি (অস্ত্রোপচার) অপারেশন করেছেন এবং অন্যান্য স্বাস্থ্যজনিত অসুস্থতায় ভুগছেন। এমন বার্ধক্য জনিত অসুস্থ অবস্থায় ৬০ ঘন্টার অধিক সময় পাড় হওয়ার পরেও তাদেরকে কারাগারে আটকে রেখেছে হিন্দুত্ববাদী পুলিশ। পরিবার জানিয়েছে পুলিশ তাদের মুক্তির জন্য বিরাট অঙ্কের অর্থ দাবি করেছে।

বারহারিয়ায় বসবাসকারী আরেকজন বাসিন্দা মোহাম্মাদ আরমান। ২৩ বছর বয়সী এক মুসলিম যুবক। যার বাড়ি হিন্দু জনতা ভাংচুর করেছে। তিনি বলেন, "আক্রমনাত্মক হিন্দু জনতা গালাগালি ও চিৎকার করে আমার বাড়িতে প্রবেশ করে এবং দরজায় আঘাত করে, তাদের লাঠি দিয়ে বৈদ্যুতিক মিটার ভেঙে দেয়। তারপর আমার বাইক ভাংচুর করে।"

মোহম্মদ আরমান আরও উল্লেখ করেছেন যে, কীভাবে হিন্দু জনতা একটি মুসলিম ছেলেকে পাথর দিয়ে আক্রমণ করার চেষ্টা করে। এবং সে তার ফোনে তাদের মুসলিম বিদ্বেষী অপরাধ ভিডিও করছে বুঝতে পেরে তাকে গালিগালাজ করে।

বারহারিয়ার আরেক বাসিন্দা তৌসিফ বলেছেন, বৃহস্পতিবার হিন্দু জনতা মুসলিম অধ্যুষিত এলাকার রুটে তাদের সমাবেশ শুরু করে,মুসলিম বিদ্বেষী স্লোগান দিয়ে উস্কানিমূলক গান বাজাতে থাকে।" তার বাড়িও ভাঙচুর করে উত্তেজিত হিন্দু জনতা।

"মুসলিমরা যখন মসজিদের ভিতরে আসরের নামাজ আদায় করছিল তখন তারা পুরানী বাজারের মসজিদ পার হচ্ছিল। তারা উদ্দেশ্যপ্রণোদিতভাবে মসজিদে ঢোকার চেষ্টা করলে কিছু লোক বাধা দেয়। যার ফলে হিন্দুত্ববাদীরা উত্তেজিত হয়ে সহিংসতা শুরু করে।"

হামলার পর থেকেই মুসলিমরা আতঙ্কে আছেন। কারণ হিন্দুত্ববাদী পুলিশ হামলাকারী হিন্দুদের আটক না করে মুসলিমদেরকেই আটক করছে। এলাকা জুড়ে ১৪৪ ধারা জারি করে মুসলিমদের চলাচলের উপর নিষেধাজ্ঞা দিয়ে রেখেছে।

সব মিলিয়ে মুসলিমরা ভয়াবহ অবস্থায় দিন অতিবাহিত করছেন। পুরো ভারত জুড়েই হিন্দুত্ববাদীরা হত্যযজ্ঞ, রাহাজানির মাধ্যমে মুসলিমদের আতঙ্কে রেখেছে। ঐক্যবদ্ধ হয়ে হিন্দুত্ববাদীদের মোক্ষম জবাব দেওয়া ব্যতীত এই আতঙ্ক থেকে মুক্তির কোন বিকল্প পথ দেখছেন না ইসলামিক বিশ্লেষকগণ।

প্রতিবেদক : উসামা মাহমুদ

---------

1. Bihar: Muslims feel anxious after violence during Mahavir Akhara rally - https://tinyurl.com/mr3m6j5j

---

## প্রখ্যাত শায়খ ড. নাসের আল-ওমরকে ৩০ বছরের কারাদন্ড দিলো সৌদি শাসকগোষ্ঠী

সৌদি আরবের প্রখ্যাত শায়খ ড. নাসের আল-ওমরকে ১০ বছর থেকে বাড়িয়ে ৩০ বছরের কারাদন্ড দিয়েছে সৌদি শাসকগোষ্ঠী। তিনি একাধারে একজন দ্বায়ী ও সুনামধন্য শরিয়াহ শিক্ষক। সৌদি আরবের বিখ্যাত বিশ্ববিদ্যালয় 'ইমাম মুহাম্মদ ইবনে সৌদ বিশ্ববিদ্যালয়ের' শরিয়াহ শিক্ষক ছিলেন তিনি।

শায়খ নাসের আল-ওমর সৌদি আরবে নতুন শিক্ষা ব্যবস্থার বিরুদ্ধে কথা বলতেন। সেই সাথে সৌদি আরবে ক্রুসেডার আমেরিকান সেনাবাহিনী উপস্থিতির বিরুদ্ধেও সরব ছিলেন তিনি। ১৯৯০ সালে আরবের ভূমিতে আমেরিকান সেনা আগমনের বিষয়টি আরব ভূমির জন্য সবচেয়ে বড় ভুল বলে উল্লেখ করতেন তিনি। একইভাবে ইরাকে আমেরিকান সেনাবাহিনীর বিরুদ্ধে ফতওয়াদানকারী প্রখ্যাত ২৬ আলেমদের মধ্যে তিনি একজন।

এসব কারণে গত ২০১৮ সালে সম্মানিত এই আলেমকে গ্রেফতার করে দালাল সৌদি প্রশাসন। এরপর বয়োজ্যেষ্ঠ সম্মানিত এ আলেমকে ১০ বছরের কারাদন্ড দিয়ে ক্রুসেডারদের বিরুদ্ধে কথা বলার পথ বন্ধ করে দেয় তারা। তবে ১০ বছরের কারাদন্ড সৌদি শাসকগোষ্ঠীর মনপুত না হওয়ায় আরও ২০ বছর বাড়িয়ে ৩০ বছর করলো দালাল শাসকগোষ্ঠী।

উল্লেখ যে, বর্তমানে সৌদি আরবে যারাই ইসলাম ও মুসলিমদের পক্ষে কথা বলে বা সৌদির জালেম প্রিন্স মুহাম্মদ বিন সালমানের দ্বীন বিধ্বংসী কার্যকলাপের বিরুদ্ধে আওয়াজ তুলছেন, তাদেরকেই কারাগারে নিক্ষেপ করছে ইহুদি মায়ের সন্তান মুহাম্মদ বিন সালমান। আর যারাই মুহাম্মদ বিন সালমানের পক্ষে কথা বলছে এবং তার কুকর্মের পক্ষে সাফাই গাইছে, সেইসব আলেম নামধারী দালালদেরকে মুহাম্মদ বিন সালমান উচ্চ পদমর্যাদার আসনে সমাসীন করছে। পবিত্র হজের খুৎবা দিতে কিংবা কাবার ঈমাম হিসেবে নিয়োগ দিচ্ছে।

**তথ্যসূত্র:**

--------

1. The Saudi Specialised Criminal Court have increased the prison sentence of Sheikh Dr. Nasser al-Omar from 10 to 30 years - https://tinyurl.com/38dnuknv

---

## মুজাহিদদের হামলায় ২৩ এরও বেশি গাদ্দার সোমালি সৈন্য হতাহত

সোমালিয়ায় পরপর ৩টি সফল হামলা চালিয়েছেন ইসলামি প্রতিরোধ বাহিনী হারাকাতুশ শাবাব। এতে দুই ডজনেরও বেশি গাদ্দার সৈন্য হতাহত হয়েছে বলে জানা গেছে।

বিবরণ অনুযায়ী, গত ১১ সেপ্টেম্বর সকালে, মধ্য সোমালিয়ার হিরান এবং দক্ষিণাঞ্চলিয় জুবা রাজ্যে পরপর দুটি পৃথক অভিযান চালিয়েছেন হারাকাতুশ শাবাব মুজাহিদিন।

যার প্রথমটি জুবা রাজ্যের বালদাউইন শহরে চালানো হয়েছে। যেখানে গাদ্দার সামরিক অফিসারদের বহনকারী একটি কনভয় টার্গেট করে বিস্ফোরক ডিভাইস দ্বারা হামলা চালানো হয়েছে। এতে ১ অফিসার সহ আরও ৪ সেনা সদস্য আহত হয়েছে। সেই সাথে কনভয়ে থাকা একটি সাঁজোয়া যান ধ্বংস হয়ে গেছে।

এদিন মুজাহিদগণ তাদের দ্বিতীয় সফল হামলাটি চালান জুবা রাজ্যের বিমানবন্দরের কাছে একটি সামরিক ব্যারাক লক্ষ্য করে। এতে সামরিক ব্যারাকে থাকা ১ গাদ্দার সৈন্য নিহত এবং অপর ২ সৈন্য আহত হয়।

অপরদিকে গত ১০ সেপ্টেম্বর দুপুরে, মধ্য সোমালিয়ার বালদাউইন শহরে পরপর দুটি বিস্ফোরণ ঘটান মুজাহিদগণ। এতে "ইন্দপুর" নামক ফার্স্ট লেফটেন্যান্ট পদমর্যাদার এক বিস্ফোরক বিশেষজ্ঞ অফিসার সহ গাদ্দার বাহিনীর আরও ১৪ সৈন্য নিহত এবং আহত হয়েছে।

---

# ১১ই সেপ্টেম্বর, ২০২২

## কাশ্মীরে হিন্দুত্ববাদী মতাদর্শ চাপানোর চেষ্টা আরও জোরদার হিন্দুত্ববাদী সরকারের

দখলকৃত মুসলিম সংখ্যাগরিষ্ঠ জম্মু ও কাশ্মীরে হিন্দুত্ববাদী মতাদর্শ চাপানোর চেষ্টা আরও জোরদার করলো হিন্দুত্ববাদী ভারতের ক্ষমতাসীন সরকার। জম্মু ও কাশ্মীরের মুসলিম পরিচয় মুছে ফেলতে এবং সেখানে রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘ (আরএসএস) এবং অন্যান্য উগ্র হিন্দু সংগঠনগুলির হিন্দুত্ববাদী মতাদর্শ চাপিয়ে দিতে এখন জোরদার প্রচেষ্টা চালাচ্ছে তারা।

এরই প্রেক্ষিতে সন্ত্রাসী মোদী সরকারের মদদে জম্মু ও কাশ্মীরের রাজৌরি শহরে জোরপূর্বক মুসলিম ওয়াকফ জমি দখল করেছে হিন্দুত্ববাদী আরএসএস ও বজরং দলের গুন্ডারা। এমনকি শহরের একটি ঐতিহাসিক মসজিদের পুনর্নির্মাণের কাজও বন্ধ করে দিয়েছে তারা। একই সঙ্গে সাম্বা জেলার একটি মসজিদের জমি জোরপূর্বক দখল করে সেখানে হিন্দু মন্দিরও নির্মাণ করেছে এই উগ্র হিন্দুত্ববাদী দল।

হিন্দুত্ববাদী গুন্ডাদের এই কর্মকাণ্ডের বিরুদ্ধে মুসলিমরা যাতে বিক্ষোভ না করতে পারে, সেজন্য ইতোমধ্যেই রাজৌরি শহরে কারফিউ জারি করেছে দখলদার কর্তৃপক্ষ। স্থানীয় বাসিন্দারা গণমাধ্যমকে জানিয়েছেন, পুলিশের গাড়িগুলো সারাদিন শহরে টহল দিচ্ছে এবং লোকজনকে বাড়ি থেকে বের না হতে নির্দেশ দিচ্ছে। তারা আরও জানিয়েছেন যে, শহরে যানবাহন চলাচলও সীমিত করে দিয়েছে দখলদার কর্তৃপক্ষ।

বিভিন্ন রাজনৈতিক বিশেষজ্ঞ ও বিশ্লেষকরা বলছেন যে, সন্ত্রাসী মোদী সরকার জম্মু ও কাশ্মীরের সংখ্যাগরিষ্ঠ মুসলিম জনগোষ্ঠীকে সংখ্যালঘু জনগোষ্ঠীতে রূপান্তর করতে বদ্ধপরিকর।

তবে মুসলিম বিশেষজ্ঞগণ এবং উলামাগণ বলছেন যে, জম্মু ও কাশ্মীরের স্বাধীনতাকামীদের সাথে হিন্দুত্ববাদী বাহিনীর এই যুদ্ধে শেষমেশ হিন্দুত্ববাদীরাই পরাজয় বরণ করবে এবং নিজেদের সামনেই তারা সমগ্র ভারতে ইসলামী শাসন প্রতিষ্ঠিত হতে দেখবে।

**তথ্যসূত্র :**

---------

1. Modi regime intensifies attempts to impose Hindutva ideology in IIOJK - https://tinyurl.com/2kwphbud

---

## বাড়িতে কুরআন শিক্ষা : উইঘুর বাবা-ছেলের কারাদণ্ড

নিজ বাড়িতে সন্তানকে কুরআন ও ইসলাম শিক্ষা প্রদান করার অভিযোগে পূর্ব তুর্কিস্তানে এক উইঘুর ইমাম ও তার ছেলে গত চার বছর ধরে কারাবন্দী।

নাম প্রকাশে অনিচ্ছুক এক উইঘুর মুসলিম জানিয়েছেন, পূর্ব তুর্কিস্তানের হোতান বিভাগের কেরিয়ে জেলার লেঙ্গার গ্রামের ৫০ বছর বয়সী উইঘুর ইমাম মেমেত মূসা এবং তাঁর ২০ বছর বয়সী ছেলে ওসমান মেমেতকে ২০১৮ সালে কারাগারে পাঠায় দখলদার চীনা প্রশাসন। তাদের অভিযোগ ছিল যে, মূসা তাঁর ছেলে ওসমানকে ঘরে কুরআন শিক্ষা দিয়েছিলেন।

সূত্র মারফত আরও জানা যায় যে, মূসা একজন সচেতন নাগরিক হিসেবে সমাজে পরিচিত ছিলেন। দখলদার চীনা কর্তৃপক্ষের নির্ধারিত সীমা মেনে চলার ক্ষেত্রে তিনি ছিলেন অন্যতম। কেউ যদি মূসাকে কুরআন শেখাতে আবেদন করতো, মূসা অত্যন্ত বিনীতভাবে সবাইকে না করে দিতেন।

কিন্তু মূসা তাঁর পুত্র ওসমানকে ঘরেই কুরআন এবং ইসলামের মৌলিক শিক্ষা দিচ্ছিলেন। একজন পিতা হিসেবে মূসা তাঁর দায়িত্ব পালন করছিলেন বলে জানান সেই উইঘুর ব্যক্তি।

কেরিয়ে জেলার চীনা সরকারী কর্মকর্তারা মেমেত মূসা ও তার ছেলের কারাবাস সম্পর্কে রেডিও ফ্রি এশিয়ার (আরএফএর) প্রশ্নের উত্তর দিতে অস্বীকার করলেও লেঙ্গার গ্রামের পুলিশ কর্মকর্তারা আরএফএ-কে উক্ত তথ্য নিশ্চিত করেছে।

লেঙ্গার গ্রামের এক পুলিশ কর্মকর্তা বলেন, "আমি তাঁর (মূসার) মামলার কথা শুনেছি।" গ্রাম থেকে গ্রেপ্তার হওয়া ধর্মীয় ব্যক্তিত্বদের একজন ছিলেন মূসা। তাঁকে ও তাঁর ছেলেকে একসাথে সাজা দেওয়া হয়েছে বলে জানিয়েছেন ঐ পুলিশ কর্মকর্তা।

অপর এক পুলিশ কর্মকর্তা বলেন, গ্রামের মসজিদে ইমাম হিসেবে কাজ করতেন তিন সন্তানের জনক মূসা। পরে তাঁকে দশ বছরের কারাদণ্ড এবং তাঁর ছেলেকে ছয় বছরের কারাদণ্ড দেয় চীনা কর্তৃপক্ষ। তিনি আরও জানান, মূসা ও মেমেত দুজনেই এখন কেরিয়ের একটি কারাগারে বন্দী আছেন।

এদিকে, ফাঁস হওয়া চীনা সরকারী নথিপত্র এবং কথিত "পুনঃ শিক্ষাকেন্দ্রের" প্রাক্তন বন্দীদের মাধ্যমে জানা যায় যে, বিগত পাঁচ বছরে দখলদার চীনা কর্তৃপক্ষ পূর্ব তুর্কীস্তানে বিপুল সংখ্যক উইঘুর এবং অন্যান্য তুর্কী সংখ্যালঘু মুসলিমদেরকে পরিবার-ভিত্তিক ইসলাম শিক্ষায় অংশ নেওয়ার "অপরাধে" গ্রেপ্তার করেছে।

গত ২৪শে মে প্রকাশিত ওয়াশিংটন ভিত্তিক ভিকটিমস অফ কমিউনিজম মেমোরিয়াল ফাউন্ডেশনের "শিনজিয়াং পুলিশ ফাইলসের" নথি অনুসারে, বাবা-মা ও দাদা-দাদির কাছ থেকে ইসলাম শিক্ষা গ্রহণের জন্য তরুণ উইঘুরদেরকে বন্দী করছে দখলদার চীনা কর্তৃপক্ষ।

নির্বাসনে থাকা এক উইঘুর মুসলিম জানান, ২০১৭ সাল থেকে কমিউনিস্ট চীন সরকার পূর্ব তুর্কীস্তান জুড়ে পরিবার-ভিত্তিক ধর্মীয় শিক্ষা গ্রহণকে "অপরাধ" হিসেবে চিহ্নিত করেছে।

২০১৭ সাল থেকে দখলদার চীনা কর্তৃপক্ষ উইঘুর এবং অন্যান্য তুর্কি মুসলিমদের কথিত উগ্রবাদ ও সন্ত্রাসবাদ প্রতিরোধের অজুহাতে নির্বিচারে আটক ও বন্দী করতে শুরু করে। আর সেখানে কথিত পুনঃ শিক্ষাকেন্দ্র নির্মাণ করে জোরপূর্বক তাদের চীনা সংস্কৃতি গ্রহণ করতে বাধ্য করে। এছাড়াও সেসব কেন্দ্রে উইঘুর মুসলিমদেরকে জোরপূর্বক শ্রম, নির্যাতন, যৌন নিপীড়ন, জোরপূর্বক গর্ভপাতের মতো ভয়াবহ মানবাধিকার লঙ্ঘন করার অভিযোগও আছে চীনা কর্তৃপক্ষের বিরুদ্ধে। দখলদার কর্তৃপক্ষ উইঘুর ভাষা, সংস্কৃতি ও ধর্মকে নির্মূল করার জন্যই এমন পদক্ষেপ নিয়েছে বলে দাবি করেছে উইঘুর মুসলিমরা।

মুসলিম বিশেষজ্ঞগণ বলছেন, এভাবে চলতে থাকলে অদূর ভবিষ্যতে হয়তো প্রায় ২ কোটি উইঘুর তাদের মুসলিম পরিচয় হারিয়ে ফেলবে। তাই তাঁরা মনে করেন, মুসলিমদের উচিত অতিসত্বর উইঘুরদের সাহায্যে এগিয়ে আসা এবং দখলদার চীন থেকে পূর্ব তুর্কিস্তানকে মুক্ত করা।

**তথ্যসূত্র :**

---------

1. Uyghur imam sentenced for providing religious instruction to son in Xinjiang - https://tinyurl.com/45p2vyvf

---

## ইমামকে গুলি করে হত্যার এবং মসজিদ বোমা মেরে উড়িয়ে দেওয়ার হুমকি ইউপি-তে

ভারতের উত্তর প্রদেশের বেরেলিতে নগরীর জামে মসজিদ বোমা দিয়ে উড়িয়ে দেওয়ার এবং ইমাম খুরশিদ আলমকে গুলি করার হুমকি দেওয়া হয়েছে। গত ০৭ সেপ্টেম্বর (বুধবার) সকালে মসজিদ সংলগ্ন দেয়ালে লাগানো হাতে লেখা হুমকি-পোস্টারের ঘটনায় মুসল্লিদের মাঝে এবং ব্যাপক চাঞ্চল্যের সৃষ্টি হয়।

সম্প্রতি হুমকির চিঠির এই ঘটনার ভিডিও সোশ্যাল মিডিয়ায় ভাইরাল হয়। হুমকির চিঠিতে বলা হয় যে, কোনো জুম্মা বারে মসজিদে বোমা রাখা হবে। এবং ইমাম খুরশিদ আলমকে গুলি খুন করা হবে।

মসজিদটির ইমাম খুরশীদ আলম বলেন, কারো সঙ্গে তার কোনো শত্রুতা নেই, কোনো বিরোধ নেই, তা সত্ত্বেও এ ধরনের পোস্টার লাগিয়ে পরিবেশ নষ্ট করার চেষ্টা করা হয়েছে। তিনি বলেন, শহরের পরিবেশ নষ্ট করার জন্য ইচ্ছাকৃতভাবে এই অপকর্ম করা হয়েছে।

উগ্র হিন্দুত্ববাদীরা ভারতে মুসলিম নিধন করে রাম রাজ্য প্রতিষ্ঠার করার জন্য আদা জল খেয়ে মাঠে নেমেছে। তারা মুসলিমদের উপর তুচ্ছ কারণে হামলা চালাচ্ছে। আর মুসলিম নিধনের আগে কোন একটি এলাকার পরিস্থিতি উত্তপ্ত করতে এধরনের কাজ করে থাকে হিন্দুত্ববাদীরা।

কয়েদিন আগে আরএসএস এর প্রাক্তন এক সদস্য জানিয়েছে, তার সংগঠন ভারতে বিভিন্ন মসজিদে হামলা করার জন্য কর্মীদের প্রশিক্ষণ দেয়, বোমা বানায়। তাই এ হুমকি হিন্দুত্ববাদী আরএসএস সন্ত্রাসীদের পক্ষ থেকে হওয়ার কথাই জানিয়েছেন স্থানীয় মুসলিমগণ।

**তথ্যসূত্র:**

--------

১. উত্তর প্রদেশে বোমা মেরে মসজিদ উড়িয়ে দেওয়ার হুমকি - https://tinyurl.com/2s3jn6jb

## কে আসলে তাবেদার - আওয়ামীলীগ, বিএনপি নাকি গোটা সিস্টেম?

বিএনপি এবং আওয়ামী লীগ একে-অপরের বিরুদ্ধে বিদেশি শক্তির সাথে আঁতাতের অভিযোগ আনে। বাস্তবতা হলো, দুটি দলই নিজেদের স্বার্থোদ্ধারে তাদের বিদেশি প্রভুদের সাহায্য কামনা করে থাকে।

বর্তমান আওয়ামী সরকার যে তাদের ক্ষমতা টিকিয়ে রাখতে বিদেশি শক্তির দ্বারস্থ হচ্ছে সেই বিষয়ে সরকারের পররাষ্ট্রমন্ত্রীর সাম্প্রতিক বক্তব্যই অনেক বড় দলিল। সেখানে পররাষ্ট্রমন্ত্রী আব্দুল মোমেন বলেছে, "আমি ভারতে গিয়ে বলেছি, শেখ হাসিনাকে টিকিয়ে রাখতে হবে। শেখ হাসিনা আমাদের আদর্শ। তাকে টিকিয়ে রাখতে পারলে আমাদের দেশ উন্নয়নের দিকে যাবে এবং সত্যিকারের সাম্প্রদায়িকতামুক্ত, অসাম্প্রদায়িক একটা দেশ হবে| শেখ হাসিনার সরকারকে টিকিয়ে রাখার জন্য যা যা করা দরকার, আমি ভারতবর্ষের সরকারকে সেটা করতে অনুরোধ করেছি।"

সরকারের এমন বিদেশি শক্তির দ্বারস্থ হওয়া একটা দেশের পরাধীনতাকেই নির্দেশ করে। হাসিনা সরকারের এমন কাজের ব্যাপারে বিএনপির সাংগঠনিক সম্পাদক সৈয়দ এমরান সালেহ প্রিন্স বলেছে, জনবিচ্ছিন্ন সরকার ক্ষমতায় টিকে থাকতে জনগণকে বাদ দিয়ে বিদেশি শক্তির দ্বারস্থ হচ্ছে। পররাষ্ট্রমন্ত্রী বলেছিল, হাসিনা সরকারকে টিকিয়ে রাখতে তিনি ভারতের সহযোগিতা চেয়েছেন| ভারত সফররত প্রধানমন্ত্রী ক্ষমতায় টিকে থাকতে ভারতের সহযোগিতা চাচ্ছেন কি না, জাতি তা জানতে চায়। "আগের মতোই 'হাটে হাঁড়ি ভেঙে' দিতে পারেন, সেই আশঙ্কায় কি পররাষ্ট্রমন্ত্রীকে বাদ দিয়েই প্রধানমন্ত্রী দিল্লিতে উড়াল দিলেন?" – এমন প্রশ্নও রাখে সে।

তবে আওয়ামী সরকারের বিদেশি সাহায্য কামনার সমালোচনা করলেও, বিএনপি নিজেও ক্ষমতায় যেতে বিভিন্ন সময় বিদেশি শক্তির দ্বারস্থ হয়েছে, হচ্ছে । বিগত '১৮ সালের নির্বাচনের আগে তখনকার নির্বাচন এবং ভারতের সঙ্গে সম্পর্ক উন্নয়নসহ আরও বিভিন্ন বিষয়ে আলোচনা করতে দিল্লী গিয়েছিল বিএনপির একটি প্রতিনিধি দল।

'১৮ এর নির্বাচনের আগে বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর স্পষ্টভাবে বলেছিল, "বিজেপি ডানপন্থী রাজনৈতিক দল। আরএসএসও সেখানে আছে। কিন্তু বিজেপির সঙ্গে সম্পর্ক তৈরিতে আমাদের কোনো সমস্যা নেই।"

আসলে আওয়ামী সরকার যেভাবে ভারত তোষণের মাধ্যমে ক্ষমতায় টিকে থাকতে চায়, তেমনি বিএনপিও চায় ভারতের অনুগ্রহে ক্ষমতায় যেতে। এই দুই ক্ষমতালোভী দল আসলে নিজেদের স্বার্থে বিদেশিদের কাছে দেশ বিক্রি করে দিতে কার্পণ্য করে না। ক্ষমতার সামনে এদের কাছে সবই তুচ্ছ। এক্ষেত্রে দুটি দলের একই নীতি। এজন্যই কবির কণ্ঠে উচ্চারিত হয়েছে, নৌকা আর ধানের শীষ, দুই সাপের একই বিষ।

বাংলা ভাষাভাষী অঞ্চলের মুসলিমদেরকে তাই পশ্চিমাদের চাপানো গোটা এই গণতান্ত্রিক ব্যাবস্থাকেই পরিবর্তন করে ফেলতে হবে। কারণ পশ্চিমাদের লাগানো গোলামির গাছে পশ্চিমাদের গোলামির ফল-ই ধরবে। চায় সেটা

আওয়ামীলীগ, বিএনপি, জাতীয় পার্টি বা অন্য কোন 'তৃতীয় শক্তি' নাম ধারণ করেই আসুক না কেন; মানব-গোলামির এই বিষবৃক্ষ সমুলে উপরে ফেলতে হবে।

ইহজাগতিক ও পরজাগতিক কল্যাণ লাভ করতে হলে তাই মুসলিমদেরকে অবশ্যই আল্লাহ মনোনীত জীবনব্যাবস্থা ইসলামেই ফিরে আসতে হবে, অন্যথায় শুধু নাম পরিবর্তন করে গোলামির এই ধারা চলতেই থাকবে- এমনটাই মনে করেন ইসলামি চিন্তাবিদগণ।

লিখেছেন : সাইফুল ইসলাম

তথ্যসূত্র :

---------

১। বিএনপি শরীয়াহ আইনে বিশ্বাস করে না: মির্জা ফখরুল - https://www.ittefaq.com.bd/14566/
২। এই সরকারকে টিকিয়ে রাখতে ভারতকে অনুরোধ করেছি: পররাষ্ট্রমন্ত্রী - https://www.manobkantha.com.bd/national/442108/

৩। 'ক্ষমতায় টিকে থাকতে বিদেশি শক্তির দ্বারস্থ হচ্ছে সরকার' - https://www.dhakapost.com/country/140162

---

## নূপুর শর্মার বিরুদ্ধে ব্যবস্থা নেয়া যাবে না, ভবিষ্যতেও মামলা করা যাবে না - ভারতের সুপ্রিম কোর্ট

মহানবী হজরত মোহাম্মদ (ﷺ)-কে নিয়ে আপত্তিকর মন্তব্য ইস্যুতে ভারতের ক্ষমতাসীন দল বিজেপির সাবেক নেত্রী নূপুর শর্মাকে গ্রেফতার করার আবেদন উঠতেই পত্রপাঠ মামলা খারিজ করে দিয়েছে দেশটির সুপ্রিম কোর্ট। আবেদন শুনতেই চাইল না হিন্দুত্ববাদী দেশটির শীর্ষ আদালত।

সর্বোচ্চ আদালত শুক্রবার জানিয়ে দেয়, কোনো নির্দেশ দেয়ার আগে আদালতকে পরিস্থিতি বিবেচনা করতে হয়। আমাদের পরামর্শ হলো, এই আবেদন খারিজ করা। এমনটাই জানিয়েছেন, প্রধান বিচারপতি ইউ ইউ ললিত।

সংবাদসংস্থা বার অ্যান্ড বেঞ্চ জানিয়েছে, এর পর আবেদন প্রত্যাহার করে নেন মামলাকারী। তিনি মুসলিম সম্প্রদায়ের ভাবাবেগে আঘাতের অভিযোগে নূপুর শর্মাকে গ্রেফতারের দাবি জানান।

গত জুলাই মাসে শীর্ষ আদালত নির্দেশ দেয় নূপুর শর্মার বিরুদ্ধে কোনোরকম কঠোর পদক্ষেপ নেয়া যাবে না। গোটা দেশের বিভিন্ন জায়গায় মামলায় দায়ের হয়েছিল নূপুরের বিরুদ্ধে। কিন্তু বিজেপির সাবেক নেত্রীর বিরুদ্ধে কোনো কঠোর পদক্ষেপ না নেয়ার নির্দেশ দেয় সুপ্রিম কোর্ট।

শীর্ষ আদালত এও জানায়, নূপুরের বিরুদ্ধে ভবিষ্যতেও কোনো মামলা দায়ের করা যাবে না। করলেও তাতে কোনো রকম ব্যবস্থা গ্রহণ করা যাবে না।

সোশ্যাল মিডিয়ায় পোস্টকে কেন্দ্র করে তুচ্ছ অযুহাতে অসংখ্য মুসলিমকে সাংবাদিক ও লেখককে গ্রেফতার করে রেখেছে হিন্দুত্ববাদী ভারত। অথচ নবী (ﷺ)-কে অবমাননা করার পরও নূপুর শর্মারা নিরাপদে রয়েছে; বরং তাদের নিরাপত্তা আরও জরদার করা হয়েছে। এমনকি তার বিরুদ্ধে পুনরায় গ্রেফতার ও অভিযোগ করার বিষয়েও নিষেধ করে দিয়েছে ভারতীয় আদালত।

এই হচ্ছে উগ হিন্দুত্ববাদী ভারতের প্রহসনের গণতান্ত্রিক আইন ব্যবস্থা; আর এর উপরেই ভরসা করার সবক দেয় একদল নাদান মুসলিম! বর্তমান ভারতের উত্তপ্ত পরিস্থিতিও এই নাদানদের দিবানিদ্রা ভাঙাতে পারেনি বলে আফসোস প্রকাশ করেছেন ইসলামি চিন্তাবিদগণ।

এ অবস্থায় তাই প্রাণপ্রিয় নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে অবমাননার শাস্তি মুসলিমদের নিজেদেরকেই আদায় করে নেয়ার পক্ষে মতামত দিয়েছেন আলেম-উলামার।

তথ্যসূত্র:

--------

১। নূপুর শর্মাকে গ্রেফতারের আবেদন শুনলই না ভারতের সুপ্রিম কোর্ট - https://tinyurl.com/2jajsjhr

---

## ১০ই সেপ্টেম্বর, ২০২২

### দশজন রোহিঙ্গা যুবককে গ্রেফতার করলো মিয়ানমার জান্তা বাহিনী

ক্রমেই কঠিন হয়ে উঠেছে রাখাইনে অবস্থানরত রোহিঙ্গা মুসলিমদের জীবন। বর্তমানে মিয়ানমারে বৌদ্ধ বিদ্রোহী গোষ্ঠী আরাকান আর্মির সাথে সামরিক জান্তা বাহিনীর সংঘাত বহুগুণ বৃদ্ধি পেয়েছে। ফলে রোহিঙ্গা মুসলিমদের জীবন এখন সামরিক জান্তা ও আরাকান আর্মির যুদ্ধের মাঝে চরম হুমকিতে পড়েছে।

অন্যদিকে, মিয়ানমার জান্তা বাহিনী রোহিঙ্গা মুসলিমদের ওপর বিধিনিষেধ আগের থেকে আরও বেশি কঠোর করার খবর পাওয়া যাচ্ছে। রোহিঙ্গাদের শিবির ও এলাকাগুলো থেকে বের হওয়া একদম নিষিদ্ধ করে রেখেছে জান্তা বাহিনী। ফলে যারাই কোন কারণে এলাকা থেকে বের হচ্ছেন, তাদেরকেই গ্রেফতার এমনকি খুন করছে জান্তা বাহিনী। এখন পর্যন্ত অসংখ্য রোহিঙ্গা মুসলিমকে গ্রেফতার করেছে মিয়ানমার জান্তা বাহিনী।

গত ৬ সেপ্টেম্বরও নিজেদের শিবির থেকে বের হবার কারণে ১০ জন রোহিঙ্গা কিশোরকে গ্রেফতার করেছিল মিয়ানমার বাহিনী।

অনেকেই গবেষক বলছেন যে, জান্তা বাহিনী বিদ্রোহী গোষ্ঠীর হামলা থেকে বাঁচতে রোহিঙ্গা মুসলিমদের মানব ঢাল হিসেবে ব্যবহার করতে পারে। এজন্যই রোহিঙ্গাদের এলাকা ত্যাগে কঠোরতা আরোপ করছে মিয়ানমার।

তবে বরাবরের মতোই মুসলিমদের ক্ষেত্রে কথিত বিশ্ব সম্প্রদায় নিরব থাকছে। এবং কেউই রোহিঙ্গাদের জীবন বাঁচতে এগিয়ে আসবে না। এজন্য রোহিঙ্গা মুসলিমদের উদ্ধারে প্রয়োজনীয় পদক্ষেপ মুসলিমদেরকেই নিতে হবে বলে মনে করছেন ইসলামি চিন্তাবিদগণ। তবে সেটি অবশ্যই কোরআন সুন্নাহ মোতাবেক হতে হবে বলে জানিয়েছেন তাঁরা।

**তথ্যসূত্র:**

-------

**1.** 10 Rohingya teenagers were arrested by a joint team with the Burmese military near of Kyet Kwa in Magway Region Min Don Township on September 6.

- https://tinyurl.com/ymy7x6ye

---

## 'জিরো কোভিড পলিসি' : উইঘুরদের গণহত্যায় চীনের এক নতুন নীতি

সম্প্রতি চীনের কমিউনিস্ট সরকার করোনা ভাইরাসের সংক্রমণ নিয়ন্ত্রণের জন্য 'জিরো কোভিড পলিসি' গ্রহণ করেছে। কিন্তু এই নীতিটি যতটা না তারা করোনা নিয়ন্ত্রণের ক্ষেত্রে ব্যবহার করছে, তার চেয়ে বেশি ব্যবহার করছে উইঘুরদের বিরুদ্ধে।

সোশ্যাল মিডিয়ায় ভাইরাল হওয়া অসংখ্য ভিডিও থেকে জানা গেছে যে, চীনের কমিউনিস্ট সরকার দখলকৃত পূর্ব তুর্কিস্তানে কড়া লকডাউন শুধুমাত্র উইঘুর মুসলিমদের বিরুদ্ধে ব্যবহার করছে। এতে করে চরম বিপদে পড়েছে নিরীহ উইঘুর মুসলিমরা। কড়া লকডাউনের কারণে উইঘুররা তাঁদের প্রয়োজনমাফিক বাজার পর্যন্ত করতে পারছেন না। যার কারণে এখন অনাহারে দিন কাটাচ্ছে তারা।

অন্যদিকে পূর্ব তুর্কিস্তানে অবৈধভাবে অবস্থানরত হান চাইনিজদের প্রতি চীন সরকার ঠিকই নমনীয় আচরণ প্রদর্শন করছে। এই কড়া লকডাউনেও তাদের ঘরে ঘরে ঠিকই প্রয়োজনীয় খাদ্যসামগ্রী পৌঁছে দিচ্ছে এবং এমনকি তাদের বাইরে যাবারও অনুমতি দিচ্ছে।

অথচ হান চাইনিজদের পাশেই অবস্থানরত উইঘুর মুসলিমদের উপর তারা কড়া লকডাউন নীতি আরোপ করছে। না তারা উইঘুরদের প্রয়োজনীয় খাদ্যসামগ্রী পৌঁছে দিচ্ছে আর না তাদের ঘরের বাইরে বের হতে দিচ্ছে। এমতাবস্থায় হাজার হাজার উইঘুর শিশু অনাহারে দিন কাটাচ্ছে। ক্ষুধার তাড়নায় তারা এখন মৃতপ্রায়। ইতোমধ্যেই বেশ কিছু উইঘুর মুসলিম অনাহারের কারণে মারাও গিয়েছে।

চীনের এমন নিষ্ঠুর আর দ্বিমুখী আচরণের কারণে খুব অল্পসংখ্যক উইঘুর মুসলিম রাস্তায় নেমে প্রতিবাদ জানিয়েছে। যদিও তাদের এই প্রতিবাদ মিছিল খুব একটা ফলপ্রসূ হবে না বলেই ধারণা করছেন মুসলিম বিশেষজ্ঞরা। তবে এরই মধ্যে এই অল্পসংখ্যক উইঘুরদের প্রতিবাদের সব ভিডিও ফুটেজ সোশ্যাল মিডিয়া থেকে সরিয়ে নিচ্ছে চীনের প্রশাসন।

উইঘুরদের এমন অবস্থায় বিশ্লেষকরা বলছেন, 'জিরো কোভিড নীতি' আসলে চীন সরকারের উইঘুর মুসলিমদের গণহত্যা করার পরিকল্পনারই একটি অংশ। মূলত নিজেদের অপরাধকে বৈধ করতেই এই নীতিটি এখন ব্যবহার করছে তারা। তাই উম্মাহের করণীয় হল চীন সরকারের এই বর্বর রূপ সকলের সামনে, বিশেষ করে মুসলিমদের সামনে উন্মোচন করে দেওয়া; মুসলিমদেরকে এ ব্যাপারে সচেতন করে তোলা। এবং আন্তর্জাতিকভাবে চীনের ওপর চাপ সৃষ্টি করার পাশাপাশি ব্যক্তিগতভাবেও চীনের বিরুদ্ধে প্রতিরোধ ব্যবস্থার ফিকির করা।

**তথ্যসূত্রঃ**

---------

**1.** StolenUyghurKids are in a Chinese boarding school in Kashgar… - https://tinyurl.com/mu9tn7f8

**2.** Video: An Uyghur kid detention center in Uyghur homeland… - https://tinyurl.com/fy6rb9ek

**3.** Video: In some places of the #Uyghur homeland, Hans' homes were not locked down &… - https://tinyurl.com/v8af4jbf

**4.** Uyghur man dies due to starvation because of China's 'Genocide through starvation' policy… - https://tinyurl.com/2m3y7h3s

5. Video: #UyghurTears—This Uyghur kid is asking to go outside... - https://tinyurl.com/2y6cbpdh

6. Uyghur kids who are dying of starvation due to CCP rulers' "lockdown"... - https://tinyurl.com/52h3t9u2

---

## ব্রিটিশ রানীর মৃত্যুতে বাংলাদেশে শোক পালন : 'ব্রিটিশ রাজ'এর প্রতি আনুগত্য?

উপমহাদেশের মুসলিমদের সম্পদ লুণ্ঠনকারী ক্রুসেডার ব্রিটিশ রানীর মৃত্যুতে ৩ দিনের রাষ্ট্রীয় শোক ঘোষণা করেছে ব্রিটিশদের এদেশীয় গোলাম সরকার।

শুক্রবার থেকে রবিবার ৩ দিন (৯, ১০ ও ১১ সেপ্টেম্বর) রাষ্ট্রীয়ভাবে শোক পালন করবে বাংলাদেশ- এই মর্মে প্রজ্ঞাপন জারি করেছে মন্ত্রিপরিষদ বিভাগ। প্রজ্ঞাপনে ক্রুসেডার ব্রিটিশ রানীকে বাংলাদেশের অকৃত্রিম বন্ধু হিসেবে উল্লেখ করেছে দালাল সরকার।

প্রজ্ঞাপনে আরও বলা হয়, এ উপলক্ষে শুক্রবার থেকে রোববার পর্যন্ত বাংলাদেশের সব সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান এবং শিক্ষাপ্রতিষ্ঠানসহ সব সরকারি ও বেসরকারি ভবন এবং বিদেশে বাংলাদেশ মিশনে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে এবং রানীর আত্মার শান্তির জন্য বিশেষ প্রার্থনার আয়োজন করা হবে।

এশিয়া ও আফ্রিকায় কোটি কোটি মানুষের হত্যাকারী এই ব্রিটিশরা। খোদ ভারতীয় উপমহাদেশে প্রায় ২০০ বছর জুলুম আর শোষণ করে ব্রিটিশ সন্ত্রাসীরা। উপমহাদেশের মানুষকে হত্যা, নির্যাতন, অঢেল সম্পদ লুটসহ নানা সন্ত্রাসী কর্মকাণ্ডে ভরা এই ব্রিটিশদের ইতিহাস।

যুগ যুগ ধরে শোষিত আফ্রিকার হতভাগা মানুষগুলো। ঔপনিবেশিক ব্রিটিশদের যাঁতাকলে এখনো যারা দরিদ্র দেশের তালিকায়। কথিত উন্নত বিশ্বসভ্যতার এই সময়েও খাবারের অভাবে না খেয়ে মারা যাচ্ছে অসংখ্য আফ্রিকান শিশু। এসবের জন্য প্রত্যক্ষ ও পরোক্ষভাবে দায়ী এই ব্রিটিশ সন্ত্রাসীরা।

উপমহাদেশ থেকে ব্রিটিশদের আগ্রাসন রুখতে অসংখ্য আলেম, মুজাহিদ ও সাধারণ মানুষের রক্ত ঝরেছিল। বহু আন্দোলন সংগ্রামের পর উপমহাদেশ থেকে ব্রিটিশরা বিদায় নেয়। তবে যাবার সময় নিজেদের অনুগত কিছু গোলাম সৃষ্টি করে যায়। যারা সবসময় বৃটিশদের সুখে খুশি ও ব্রিটিশদের দুঃখে মায়াকান্না করতে দেখা যায়। 'ব্রিটিশ রাজ'এর প্রতি এখনো তাদের আনুগত্যে কোন কমতি দেখা যাচ্ছে না। ব্রিটিশরা যাওয়ার আগে উপমহাদেশের সিংহভাগের নিয়ন্ত্রণ যাদের কাছে দিয়ে গেছে, সেই হিন্দুত্ববাদী ভারতের প্রতিও তাদের 'আনুগত্য' অকৃত্রিম।

গত বৃহস্পতিবার ব্রিটিশ রানির মৃত্যুতে তাই এ দেশীয় ব্রিটিশ-পশ্চিমা অনুগতরা ৩ দিনের রাষ্ট্রীয় শোক পালন করা শুরু করেছে। অন্যদিকে বাংলাদেশি মিডিয়া নামধারী ব্রিটিশ-পশ্চিমাদের একনিষ্ঠ গোলাম হলুদ মিডিয়ার মায়াকান্নার কোন শেষ নেই রানীর মৃত্যুতে। গোলামীর পরিচয় দিতে অনেকে নিজেদের চ্যানেলের কভার পিকচার হিসেবে যুক্ত করেছে ক্রুসেডার রানির ছবিও।

গোলাম শাসকশ্রেণি উপমহাদেশের মানুষের ত্যাগ ও সংস্কৃতি ভুলে গিয়ে ব্রিটিশ মনিবদের রেখে যাওয়া আদর্শ আর আইনের উপর অটল রয়েছে যুগ যুগ ধরে।

ব্রিটিশ-পরবর্তী পাকিস্তান আমল আর বর্তমান বাংলাদেশ সর্বদাই এসব শাসকশ্রেণি তাদের লাল চামড়ার ব্রিটিশ-পশ্চিমা মনিবদের গোলামীতেই অটল-অবিচল থেকেছে। তাদের রচিত আইন বলবৎ রেখেছে বাংলাদেশে সংবিধানে।

অথচ ইসলামের আদর্শ আর শরিয়াতের আইনের প্রসঙ্গ আসলেই একদল দালাল বুদ্ধিজীবী বাঙ্গালী সংস্কৃতির দোহাই দিয়ে ইসলামি আদর্শের বিপক্ষে অবস্থান নেয়। কিন্তু তারা তাদের ব্রিটিশ মনিবদের আদর্শের বিপক্ষে বাঙ্গালি সংস্কৃতির কথা বলে না। ব্রিটিশদের রচিত আইনের বিপক্ষে বলে না। কথা বলেনা ঔপনিবেশিক দস্যু রানীর মৃত্যুতে রাষ্ট্রীয় শোক পালনের বিপক্ষে।

যে সকল দালালরা নিজেরা ব্রিটিশদের গোলামীর শিকল গলায় লাগিয়েছে। অন্যদের গলায়ও গোলামীর শিকল বয়ে নিতে চাচ্ছে। তাই এসব ব্রিটিশ-পশ্চিমা দালালদের চিহ্নিত করে তাদের বিরুদ্ধে দেশের মানুষকে সচেতন করার জোরালো দাবি জানিয়েছেন বিশ্লেষকগণ।

লিখেছেন : মুহাম্মদ শরিফ

তথ্যসূত্র :

১। রোববার পর্যন্ত তিন দিনের রাষ্ট্রীয় শোক - https://tinyurl.com/yeyn73ut

---

## মুসলিম অধ্যাপকের এফআইআর বাতিলে অস্বীকৃতি : অপরাধ কাশ্মীরের বাস্তব চিত্র উন্মোচন করা

